দৈনিক
ইত্তেফাক

তারিখ 8 MAR 2009
পৃষ্ঠা ৩ কলাম ৮




সৃজনশীল পরীক্ষা পদ্ধতির পূর্ণাঙ্গ প্রয়োগ ও শিক্ষকবৃন্দকে দীর্ঘমেয়াদী প্রশিক্ষণসহ বিভিন্ন দাবিতে অভিভাবক সমন্বয় কমিটি নগরীতে মানববন্ধন কর্মসূচি পালন করে —ইত্তেফাক

# সৃজনশীল পরীক্ষা পদ্ধতি পূর্ণাঙ্গ প্রয়োগের দাবিতে মানববন্ধন

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

সৃজনশীল পরীক্ষা পদ্ধতির পূর্ণাঙ্গ প্রয়োগের দাবিতে মানববন্ধন কর্মসূচি পালন করেছে অভিভাবক সমন্বয় কমিটি। গতকাল শনিবার জাতীয় প্রেসক্লাবের সামনে কর্মসূচিতে শতাধিক ছাত্র-শিক্ষক ও অভিভাবক অংশ নেন। কমিটির সদস্য সচিব নিপা সুলতানা বলেন, সৃজনশীল পরীক্ষা পদ্ধতি ২০১১ সালের এসএসসি পরীক্ষার্থীদের জন্য চালু না করে দেশের সকল শিক্ষকের দীর্ঘমেয়াদী প্রশিক্ষণ দিয়ে তা নিম্ন শ্রেণী থেকে চালু করা উচিত। তিনি বলেন, এই পদ্ধতিটির সঠিক ও সফল প্রয়োগ এবং বাস্তবায়নে যথেষ্ট ত্রুটি রয়েছে। এই পদ্ধতি মূলত পরীক্ষা পদ্ধতি, পাঠদান পদ্ধতি নয়। তিনি সৃজনশীল পদ্ধতির ত্রুটিগুলো উল্লেখ করে বলেন, পাঠ্যবই সৃজনশীল আকারে মুদ্রিত নয়। সৃজনশীল আকারে পাঠদানের ব্যবস্থা রাখা হয়নি। বিষয়টির উপর কর্তৃপক্ষের কোন প্রচার-প্রচারণা নেই। এ বিষয়ে শিক্ষকদের কোন প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়নি, নবম শ্রেণীতে হঠাৎ করে এই পদ্ধতি চালু করায় শিক্ষক ও শিক্ষার্থীরা চরম বিপাকে পড়বে। দীর্ঘমেয়াদী অনুশীলন ছাড়া এই পদ্ধতি প্রয়োগ কার্যকর হবেন না। তিনি বলেন, বিশেষ করে গণিত, উচ্চতর গণিত, পদার্থবিদ্যা, রসায়ন, হিসাব বিজ্ঞান ২০০৯ সালে নবম শ্রেণীতে অধ্যয়নরত কোমলমতি ছাত্র-ছাত্রীদের পক্ষে আয়ত্ত করা মোটেও সম্ভব হবে না। কাজেই তিনি নবম শ্রেণীতে এই পদ্ধতি প্রয়োগ না করতে সরকারের প্রতি দাবি জানান।